দৈনিক খবর

তারিখ 18 APR 1988
পৃষ্ঠা 1 কলাম ৪

053

# ঢাকা মেডিকেল কলেজের ২৪ জন ছাত্রের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা

॥ মেডিকেল রিপোর্টার ॥

ঢাকা মেডিকেল কলেজ কর্তৃপক্ষ কলেজের চব্বিশ জন ছাত্রের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেছেন। গতকাল রোববার কলেজের একাডেমিক কাউন্সিলের সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। সিদ্ধান্ত অনুযায়ী ৭ জন ছাত্রের কলেজ হতে প্রাপ্ত বৃত্তি কেটে নেয়া হবে এবং বাকী ১৭ জনকে প্রাথমিক সতর্কীকরণ নোটিশ দেয়া হবে।

উল্লেখ্য, গত ১০ই সেপ্টেম্বর ঢাকা মেডিকেল কলেজে একটি অপ্রীতিকর ঘটনায় জাতীয়তাবাদী ছাত্র দলের সভাপতি ছুরিকাহত হয়েছিল। ঐ ঘটনার তদন্ত সাপেক্ষে কলেজ কর্তৃপক্ষ গতকাল এই সিদ্ধান্ত নিয়েছে বলে কর্তৃপক্ষ সূত্রে জানা গেছে।